

APR. 29 2013

তারিখ:
সংখ্যা:

সন্ত্রাসীদের গুলীতে পলিটেকনিক ছাত্র নিহত ॥ পুলিশের সঙ্গে সংঘর্ষে আহত অর্ধশতাধিক ॥ খেফতার ৪৯

পলিটেকনিক ছাত্র নিহত
(প্রথম পৃষ্ঠার পর)

ইনস্টিটিউট খুলবে বলে কর্তৃপক্ষ জানান।
ঘটনার রাত সাড়ে ১১টায় শরীফ
ইনস্টিটিউটের জহির রায়হান ছাত্রাবাসের নিজ
কক্ষের নিকট দাঁত ত্রাণ করার সময় হঠাৎ
কয়েকজন সন্ত্রাসী তার বুকে রিভলবার ঠেকিয়ে
তলী করে। শরীফ তলীবিদ্ধ হয়ে মেঝেতে
লুটিয়ে পড়ে। তলীর শব্দ পেয়ে ছাত্ররা অন্যান্য
কক্ষ থেকে বের হয়ে দেখে বারান্দায় শরীফ
রক্তাক্ত অবস্থায় পড়ে আছে। তাকে দ্রুত ঢাকা
মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরী
বিভাগে নেয়ার পর কর্তব্যরত চিকিৎসা
শরীফকে মৃত বলে ঘোষণা করেন। শরীফের
মৃত্যুর সংবাদ ইনস্টিটিউটের ৪টি ছাত্রাবাসে
ছড়িয়ে পড়লে ছাত্রদের মধ্যে তীব্র ক্ষোভের
সৃষ্টি হয়। মেধাবী ছাত্র হিসেবে শরীফ
ইনস্টিটিউটের সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকের
নিকট পরিচিত। সে কোন রাজনৈতিক ছাত্র
সংগঠনের সঙ্গে জড়িত ছিল না এবং লেখাপড়া
তার একমাত্র নেশা ছিল বলে ছাত্র ও শিক্ষকরা
জানান। ঐ রাত্তে শরীফ হত্যাকাণ্ডের প্রতিবাদে
ছাত্ররা ছাত্রাবাসে সমবেত হয়। এরপর প্রধান
সড়কে এসে যানবাহন জাংফুর তরু করে।
৫/৬টি যানবাহন জাংফুর করে এবং রাত্তে
ছাত্ররা রাস্তায় ব্যারিকেড দেয়। রাত ৩টা পর্যন্ত
পুলিশের সঙ্গে ছাত্রদের ধাওয়া-পাল্টা ধাওয়া
হয়। পুলিশ কর্মকর্তা ও ইনস্টিটিউটের
শিক্ষকদের হস্তক্ষেপে ছাত্রদের শান্ত করা হয়।
ছাত্ররা ছাত্রাবাসে ফিরে যায়।

গতকাল সকালে বিভিন্ন অঞ্চল থেকে
ছাত্র-ছাত্রীরা ইনস্টিটিউটে এসে শরীফের
হত্যাকাণ্ডের সংবাদ পেয়ে ক্লাস বন্ধ করে
দেয়। অনেকে ক্লাসরাস্তা বন্ধ করে পড়ে।



গতকাল সংঘর্ষের পর তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটের খেফতারকৃত ছাত্রদের
একাংশ, ইনসেটে শরীফ -ইত্তেফাক

ইত্তেফাক রিপোর্ট ॥ গত শনিবার
দিবাগত মধ্যরাতে তেজগাঁও পলিটেকনিক
ইনস্টিটিউটের মেধাবী ছাত্র শরীফুল ইসলাম
শরীফকে (২২) সন্ত্রাসীরা বুকে অস্ত্র ঠেকিয়ে
তলী করে হত্যা করেছে। এই হত্যাকাণ্ডের
প্রতিবাদে পুলিশের সঙ্গে ছাত্রদের দুই দফায়
সাড়ে ৫ ঘন্টা সংঘর্ষে ব্যাপক মাটিচার্জ,
কাদামাে গ্যাস ও ইট-পাটকেল নিক্ষেপ এবং
বোমাবাজির ঘটনা ঘটে। এ ঘটনায় ৫ জন
পুলিশসহ অর্ধশতাধিক ছাত্র আহত হয়েছে।
খেফতার হয়েছে ৪৯ জন ছাত্র। সংঘর্ষে
১৪/১৫টি গাড়ী জাংফুর করা হয় এবং বেলা
১টা পর্যন্ত তেজগাঁও শিল্প এলাকায় যানবাহন
চলাচল বন্ধ থাকে। এ কারণে গতকাল
রাজধানীতে অসহনীয় যানজটের সৃষ্টি হয়।
এনিকে কর্তৃপক্ষ গতকাল রবিবার ৭ দিনের
জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেন এবং
ছাত্রদের বেলা ২টার মধ্যে হোস্টেল ত্যাগ
করার নির্দেশ দিয়েছেন। অগাধী ৫ মে
(২য় পৃষ্ঠায় ৩-৪র ক্রম প্রঃ)

Mr. Aslam Kabir Tilo
Syndicate Officer
Shobuz B Boudi (2nd Floor) Zindabazar,
Sydney, Tel: 716753, 0173536866
Commerce College Road
Mogolloli, Phone : 721693
Mobile : 017-8151113

